গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,
ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.৩৪.০০১.২১.১২১০ তারিখ: ২৬ কার্তিক ১৪২৮
১১ নভেম্বর ২০২১

বিষয়: **লক্ষীপুর জেলার কমলনগর উপজেলাধীন চর শামছুদ্দীন জাহেরিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার এমপিও শীটে উপজেলার নাম রামগতি'র স্থলে কমলনগর করে সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: (০১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কমলনগর, লক্ষীপুর, এর স্মারক নং-উমাশিঅ/কমল/লক্ষী/তথ্য/২০২১-৭৬, তারিখ: ১১/০৮/২০২১ খ্রি.
(০২) তদন্তকারী কর্মকর্তা জনাব মোঃ শামসুজ্জামান, উপ-পরিচালক (অর্থ) এবং জনাব মোঃ শরিফুল ইসলাম, প্রোগ্রামার, মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০২.০৭৬.২০.২৭১; তারিখ: ০৮/১১/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, লক্ষীপুর জেলার কমলনগর উপজেলাধীন চর শামছুদ্দীন জাহেরিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার এমপিও শীটে উপজেলার নাম রামগতি'র স্থলে কমলনগর করে সংশোধনের আবেদন সূত্রোস্থ (০১) নং স্মারকে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কমলনগর, লক্ষীপুর এর মাধ্যমে অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। উপজেলার নাম সংশোধন সংক্রান্ত আবেদনটির সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে জনাব মোঃ শামসুজ্জামান, উপ-পরিচালক (অর্থ) এবং জনাব মোঃ শরিফুল ইসলাম, প্রোগ্রামার, মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য পত্র প্রেরণ করা হলে **জনাব মোঃ শামসুজ্জামান, উপ-পরিচালক (অর্থ) এবং জনাব মোঃ শরিফুল ইসলাম, প্রোগ্রামার, মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক সূত্রোস্থ (০২) নং স্মারকে একটি তদন্ত প্রতিবেদন দাখিল করেন। উক্ত প্রতিবেদনে মতামতসহ উল্লেখ করেন " উপজেলা নির্বাহী অফিসার, কমলনগর,লক্ষীপুর এর প্রত্যয়ন, উপজেলা নির্বাহী অফিসার,রামগতি,লক্ষীপুর এর প্রত্যয়ন,চেয়ারম্যান স্থানীয় ইউনিয়ন পরিষদ,পো:মুন্সীগঞ্জ,কমলনগর,লক্ষীপুর এর প্রত্যয়ন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,কমলনগর,লক্ষীপুর এর প্রত্যয়ন অনুযায়ী মাদ্রাসাটি লক্ষীপুর জেলার কমলনগর এ অবস্থিত। এছাড়াও** বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা এর সফটওয়্যার থেকে দেখা যায় যে, বর্ণিত প্রতিষ্ঠানের ঠিকানাতে লিপিবদ্ধ রয়েছে, CHAR SAMSUDDIN JAHERIA DAKHIL MADRASAH, KOMOLNAGAR, LAXMIPUR.অতএব, লক্ষীপুর জেলার কমলনগর উপজেলাধীন চর শামছুদ্দীন জাহেরিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার এমপিও শীটে উপজেলার নাম রামগতি'র স্থলে কমলনগর করে সংশোধন করা যেতে পারে।"

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,কমলনগর এর প্রত্যয়ন:

চর শামছুদ্দীন জাহেরিয়া ইসলামিয়া মাদ্রাসা (EIIN–107161) টি কমলনগর উপজেলায় অবস্থিত। উক্ত প্রতিষ্ঠানের এমপিও শীটে উপজেলার নাম কমলনগর এর স্থলে রামগতি আসে। প্রতিষ্ঠাটি পূর্বে বৃহত্তর রামগতি উপজেলার আওতাধীন ছিল। রামগতি উপজেলা ভাগ হয়ে কমলনগর উপজেলা সৃষ্টি হয়। কিন্তু এমপিও শীট থেকে উপজেলার নাম রামগতি কর্তন করে কমলনগর না করায় বর্তমানে প্রতিষ্ঠানের প্রশাসনিক কাজকর্ম সম্পাদনে সমস্যা সৃষ্টি হচ্ছে। তিনি চর শামছুদ্দীন জাহেরিয়া ইসলামিয়া মাদ্রাসার এমপিও শীটে উপজেলার নাম কমলনগর করার জন্য সুপারিশসহ কাগজপত্র অগ্রায়ন করেন।

স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের প্রত্যয়ন:

১নং চর কালকিনি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মাষ্টার মোঃ ছায়েফ উল্যাহ তাঁর প্রত্যয়নে লিখেন, চর শামছুদ্দীন

জাহেরিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, পো: মুন্সীগঞ্জ, উপজেলা: কমলনগর, জেলা: লক্ষীপুর। মাদ্রাসাটি লক্ষীপুর জেলাধীন কমলনগর উপজেলার ১নং চর কালকিনি ইউনিয়নের ১নং ওয়ার্ডে অবস্থিত।

উপজেলা নির্বাহী অফিসারের প্রত্যয়ন:

উপজেলা নির্বাহী অফিসার, কমলনগর, লক্ষীপুর জনাব মোঃ কামরুজ্জামান প্রত্যয়ন করেন যে, কমলনগর উপজেলাধীন চর শামছুদ্দীন জাহেরিয়া ইসলামিয়া মাদ্রাসা, ডাকঘর- মুন্সীগঞ্জ, ০১ নং চর কালকিনি ইউনিয়ন পরিষদের ০১ নং ওয়ার্ডে অবস্থিত।

উপজেলা নির্বাহী অফিসার, রামগতি এর প্রত্যয়ন:

উপজেলা নির্বাহী অফিসার, রামগতি, লক্ষীপুর জনাব মোঃ আব্দুল মোমিন তাঁর প্রত্যয়নে বলেন, চর শামছুদ্দীন জাহেরিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা- কমলনগর, জেলা: লক্ষীপুর এর এমপিও ভূক্ত শিক্ষক/ কর্মচারীদের বেতন ভাতা রামগতি উপজেলা হতে উত্তোলন করা হয়নি।

০৩। তদন্তকারী কর্মকর্তা জনাব মোঃ শামসুজ্জামান, উপ-পরিচালক (অর্থ) এবং জনাব মোঃ শরিফুল ইসলাম, প্রোগ্রামার, মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর তদন্ত প্রতিবেদন,উপজেলা নির্বাহী অফিসার, কমলনগর,লক্ষীপুর এর প্রত্যয়ন, উপজেলা নির্বাহী অফিসার,রামগতি,লক্ষীপুর এর প্রত্যয়ন,চেয়ারম্যান স্থানীয় ইউনিয়ন পরিষদ,পো:মুন্সীগঞ্জ,কমলনগর,লক্ষীপুর এর প্রত্যয়ন,বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা এর সফটওয়্যার এ উল্লিখিত মাদ্রাসাটির লিপিবদ্ধ ঠিকানা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কমলনগর, লক্ষীপুর এর সুপারিশসহ অগ্রায়ণ এবং সুপার এর আবেদনের ভিত্তিতে বর্ণিত প্রতিষ্ঠানের উপজেলার নাম এবং প্রার্থীত উপজেলার নাম নিম্নরূপঃ

ক্রমিক নং	প্রতিষ্ঠনের ঠিকানা	এমপিও শীটে বিদ্যমান উপজেলার নাম	প্রার্থীত উপজেলার নাম	মন্তব্য
০১	চর শামছুদ্দীন জাহেরিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা-কমলনগর, জেলা: লক্ষীপুর	রামগতি	কমলনগর	এমপিও শীটে বিদ্যমান উপজেলার নাম রামগতি এর পরিবর্তে আবেদনকারীর প্রার্থীত উপজেলার নাম কমলনগর সংশোধন যোগ্য।

০৪। এমতাবস্থায়, তদন্তকারী কর্মকর্তা মোঃ শামসুজ্জামান, উপ-পরিচালক (অর্থ) এবং জনাব মোঃ শরিফুল ইসলাম, প্রোগ্রামার, মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর তদন্ত প্রতিবেদন, তদন্তকারী কর্মকর্তা জনাব মোঃ শামসুজ্জামান, উপ-পরিচালক (অর্থ) এবং জনাব মোঃ শরিফুল ইসলাম, প্রোগ্রামার, মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর তদন্ত প্রতিবেদন,উপজেলা নির্বাহী অফিসার, কমলনগর,লক্ষীপুর এর প্রত্যয়ন, উপজেলা নির্বাহী অফিসার,রামগতি,লক্ষীপুর এর প্রত্যয়ন,চেয়ারম্যান স্থানীয় ইউনিয়ন পরিষদ,পো:মুন্সীগঞ্জ,কমলনগর,লক্ষীপুর এর প্রত্যয়ন,বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা এর সফটওয়্যার এ উল্লিখিত মাদ্রাসাটির লিপিবদ্ধ ঠিকানা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কমলনগর, লক্ষীপুর এর সুপারিশসহ অগ্রায়ণ এবং সুপার এর আবেদন অনুযায়ী নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বর্ণিত প্রতিষ্ঠানের উপজেলার নাম রামগতির স্থলে কমলনগর সংযোজনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারীগণ কর্মকর্তা দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

৪।উপজেলার নাম পরিবর্তন হলেও চর শামছুদ্দীন জাহেরিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা,কমলনগর,লক্ষীপুর এ (পূর্বে চর শামছুদ্দীন জাহেরিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা,রামগতি,লক্ষীপুর) কর্মরত সংশ্লিষ্টগণ/সংশ্লিষ্ট মাদ্রাসা কর্তৃপক্ষ কোন প্রকার বকেয়া দাবি করতে পারবেনা।

সংযুক্তি: বর্ণনামতে-০৬ ফর্দ।

১১-১১-২০২১
কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,
মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.৩৪.০০১.২১.১২১০/১(৬)

তারিখ: ২৬ কার্তিক ১৪২৮
১১ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
২) উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩) সহকারী পরিচালক (অর্থ) এবং সদস্য সচিব, এমপিও কমিটি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কমলনগর, লক্ষীপুর।
৫) সভাপতি/সুপার, চর শামছুদ্দীন জাহেরিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা- কমলনগর, জেলা: লক্ষীপুর।
৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

১১-১১-২০২১
জান্নাতুন নাহার
সহকারী পরিচালক